পল্লবীতে স্কুলের গেটে ককটেল বেঁধে রেখে গেল দুর্বৃত্তরা



ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে সিদ্দিক মেমোরিয়াল স্কুল অ্যান্ড কলেজের প্রধান ফটকে ককটেল বেঁধে রাখার ঘটনা ঘটেছে। শনিবার (১৪ নভেম্বর) রাতে ফটকে বস্তুটি দেখতে পেয়ে স্থানীয় বাসিন্দা ও নিরাপত্তাকর্মীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

পরে পুলিশকে খবর দেওয়া হয়। তবে কে বা কারা এটি সেখানে রেখেছে এবং এর পেছনে কী উদ্দেশ্য ছিল, তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

পুলিশ জানিয়েছে, ঘটনাস্থলের সিসিটিভি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করে পর্যালোচনা করা হচ্ছে। ফুটেজ বিশ্লেষণের মাধ্যমে জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা চলছে।

LENS ASIA